



ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী (২০১৯-২০ অর্থ বছর)

| | |
|------------|--|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ৩০ জুন ২০২০ |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য সূচি: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ প্রণয়ন।

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২১ এ উল্লিখিত নির্দেশনাসমূহ ও কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

১.২ সিদ্ধান্ত:

ক) সুরক্ষা সেবা বিভাগ মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২১ অনুসরণপূর্বক নির্ধারিত ছকে ৩০.০৭.২০২০ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ প্রণয়ন করবে এবং ০৪.০৮.২০২০ তারিখের মধ্যে অনুমোদিত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

খ) সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহ মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২১ অনুসরণপূর্বক নির্ধারিত ছকে ৩০.০৭.২০২০ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ প্রণয়ন করবে এবং ০৪.০৮.২০২০ তারিখের মধ্যে অনুমোদিত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে।

২.০ আলোচ্য সূচি: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর অর্জিত স্কোর নির্ধারণ।

২.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর যে সমস্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা যায়নি, যার দ্রুপ স্কোর অর্জনও করা যায়নি, সে সমস্ত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

২.২ সিদ্ধান্ত:

ক) সুরক্ষা সেবা বিভাগ নির্ধারিত ছকে উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৫.০৭.২০২০ তারিখের মধ্যে প্রণয়ন করবে এবং ২০.০৭.২০২০ তারিখের মধ্যে অনুমোদিত বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন, ২০১৯-২০ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।

খ) সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহ নির্ধারিত ছকে উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৫.০৭.২০২০ তারিখের মধ্যে প্রণয়ন করবে এবং ২০.০৭.২০২০ তারিখের মধ্যে অনুমোদিত বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন, ২০১৯-২০ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে।

৩.০ আলোচ্য সূচি: বিবিধ।

৩.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহ কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা যৌথভাবে সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

৩.২ সিদ্ধান্ত: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহ কর্তৃক বাস্তবায়িত স্ব-উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজিকরণের ডকুমেন্টেশন নির্ধারিত ছকে আগামী ৩০.০৭.২০২০ তারিখের মধ্যে প্রস্তুতকরতঃ এ বিভাগের প্রশাসন-১ শাখায় প্রেরণ করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার

অতিরিক্ত সচিব

তারিখ: ৩১ আষাঢ়, ১৪২৭

১৫ জুলাই ২০২০

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.৭১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) জনাব মো: মনিরুজ্জামান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর প্রশাসনিক কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আবদুল কাদির

উপসচিব (প্রশাসন-১ শাখা) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম,
সুরক্ষা সেবা বিভাগ